# সংবাদ

তারিখ ... 10 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ... ......

### নান্দাইলে প্রাথমিক শিক্ষা বেহাল

# প্রধান শিক্ষক নেই ৫৮ স্কুলে সহকারীর পদ শূন্য ৬৪

**প্রতিনিধি, নান্দাইল (ময়মনসিংহ)**

ময়মনসিংহের নান্দাইল উপজেলায় দীর্ঘদিন ধরে ৫৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য। সহকারী শিক্ষকের পদ শূন্য ৬৪। সংশ্লিষ্ট বিদ্যালয়গুলো ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে শিক্ষাকার্যক্রম চালাচ্ছে। এতে করে বিদ্যালয় গুলোর প্রশাসনিক কার্যক্রম সহ পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

অনেক বিদ্যালয়ে ৫/৬ বছর ধরে প্রধান শিক্ষক নেই। এছাড়া ৬৪ জন সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। উপজেলা শিক্ষা অফিসার আনার কলি নাজনীন জানান নান্দাইল পৌরসভা ও ১২ ইউনিয়নে ১৭৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

এর মধ্যে ৫৮ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে যাচ্ছেন। তবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দাপ্তরিক কাজ নিয়ে ব্যস্ত থাকায় অন্য শিক্ষকদের অতিরিক্ত পাঠদানসহ অন্যান্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

নান্দাইল উপজেলা সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. রফিকুল ইসলাম নাসিম, শিক্ষক নেতা মো. আমিনুল ইসলাম আঞ্জু, রবিউল নেওয়াজ ফরিদ জানান প্রধান শিক্ষক ছাড়া বিদ্যালয়ের শিক্ষার মান ও প্রশাসনিক কার্যক্রম চালানো খুবই কঠিন। উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভায় এ বিষয়ে একাধিকবার বলা হয়েছে।

কিন্তু প্রশাসনিক কারণে শূন্য পদ পূরণ করতে বিলম্ব হচ্ছে। উপজেলা শিক্ষা অফিসার জানান প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের পদ শূন্য থাকার বিষয়টি তিনি যথাযথ ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছেন।